

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট  
স্থানীয় সরকার শাখা

বিষয়: বিভাগীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মুহাম্মদ মোশাররফ হোসেন বিভাগীয় কমিশনার, সিলেট
সভার তারিখ	: ২০ ফেব্রুয়ারি ২০২৩
সভার সময়	: দুপুর ০১.০০ ঘটিকা
স্থান	: বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	: উপস্থিতি তালিকা সংযুক্ত (পরিশিষ্ট ক)

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক, স্থানীয় সরকার (অতিরিক্ত দায়িত্ব), সিলেট বিভাগ ও বিভাগীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব কর্তৃক সভার কার্যপত্র উপস্থাপন করা হয়। সদস্য-সচিব জানান যে, বিভাগীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সর্বশেষ সভাটি ১৮ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত হয়েছিল। সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে তা সংশোধনী ব্যতীত দৃষ্টিকরণ করা হয়। সভায় সিলেট বিভাগের গত বছরে ৩ দফায় সংঘটিত বন্যার সামগ্রিক অবস্থার একটি সার-সংক্ষেপ উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে বন্যাকালীন মাননীয় প্রধানমন্ত্রী ক্ষতিগ্রস্ত এলাকা সরেজমিন পরিদর্শন করেন, ত্রাণ সামগ্রী বিতরণ করেন এবং স্থানীয় অংশীজনের সাথে মতবিনিময় করেন। মাননীয় প্রধানমন্ত্রী বন্যার বিষয়ে কিছু অনুশাসন প্রদান করেন। সভায় সিলেটে সৃষ্ট দুর্যোগ এবং তা মোকাবেলা বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<b>০১. বন্যা মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ:</b> সভায় জানানো হয় যে গত বছর ১৫ জুন ২০২২ তারিখে সুনামগঞ্জে ভয়াবহ বন্যা দেখা দিয়েছিল। সুনামগঞ্জ জেলা ২ দিনের বেশি সম্পূর্ণরূপে যোগাযোগ বিচ্ছিন্ন ছিল। এসময় জরুরি ত্রাণ ও উদ্ধার কার্য পরিচালনার জন্য নৌকা পাওয়া যাচ্ছিল না। স্থানীয় খাদ্যাভাব দেখা দিয়েছিল, বিশেষ ব্যবস্থায় পাশের জেলাগুলো থেকে জরুরি ত্রাণ পাঠানোর ব্যবস্থা গ্রহণ করতে হয়েছিল।	১. বন্যা মোকাবেলায় নৌযান সংগ্রহ ও প্রস্তুত করে রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২. বন্যা মোকাবেলায় শুকনো খাবার ও খাবার পানি সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
<b>০২. এমএজি ওসমানী হাসপাতালের জরুরি বিদ্যুৎ সরবরাহ:</b> সভায় জানানো হয় যে গত বছর বন্যায় এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল বন্যা প্লাবিত হওয়ায় বিদ্যমান জেনারেটর অচল হয়ে যায়। জরুরি আইসিইউ রোগীদের জন্য বাইরে থেকে বিশেষ ব্যবস্থায় জেনারেটর এনে তাদের রক্ষা করতে হয়েছিল। সভায় হাসপাতালের জরুরি বিদ্যুৎ ব্যবস্থার জন্য উঁচু স্থানে জেনারেটর স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি আইসিইউ ইউনিটে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য উপযুক্ত স্থানে জেনারেটর স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল।
<b>০৩. জরুরি পানি সরবরাহ:</b> সভায় জানানো হয় যে গত বছরের বন্যায় ভ্রাম্যমাণ পানি বিশুদ্ধকরণ প্লান্ট বেশ কার্যকর ছিলো। সভায় পর্যাপ্ত পরিমাণ পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট মজুদ রাখার বিষয়ে আলোচনা করা হয়।	৩.১ বন্যায় জরুরি পানি সরবরাহ নিশ্চিত উপযুক্ত সংখ্যক ভ্রাম্যমাণ পানি বিশুদ্ধকরণ প্লান্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। ৩.২ পর্যাপ্ত পরিমাণ পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট মজুদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩.৩ প্লান্ট স্থাপন ও পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট বিতরণের প্রাক-প্রস্তুতি ও পরিকল্পনা গ্রহণ করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<b>০৪. জরুরি ঔষধ সংরক্ষণ ও চিকিৎসা সেবা:</b> সভায় জানানো হয় যে গত বছরে বন্যা সংশ্লিষ্ট বিভিন্ন জরুরি ঔষধের অভাব দেখা দিয়েছিল। বন্যায় সৃষ্ট রোগ চিকিৎসায় ব্যবহৃত ঔষধের মজুদ রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	৪. বন্যা মোকাবেলায় পর্যাপ্ত পরিমাণ ঔষধ ও চিকিৎসা সামগ্রী মজুদ রাখতে হবে।	১. পরিচালক, বিভাগীয় স্বাস্থ্য ২. পরিচালক, পরিবার পরিকল্পনা
<b>০৫. জরুরি বিদ্যুৎ সরবরাহ:</b> সভায় জানানো হয় যে গত বছরের বন্যায় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা বিপর্যস্ত হয়েছিল। অনেক বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র পানিতে নিমজ্জিত হয়েছিল। সিলেট নগরীর বেশ কিছু এলাকায় বেশ কিছু দিন বিদ্যুৎ সরবরাহ বন্ধ ছিল। সিলেট নগরীর কুমারগাঁও বিদ্যুৎ কেন্দ্রকে সকলের সহযোগিতায় পানিতে তলিয়ে যাওয়া থেকে রক্ষা করা গিয়েছিল, না হলে পুরো সিলেট নগরী বিদ্যুৎ বিহীন হয়ে পড়তো।	৫. বিদ্যুৎ কেন্দ্রগুলোর নিয়ন্ত্রণ কক্ষগুলো বন্যা থেকে রক্ষার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি ও উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ২. জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
<b>০৬. গুদাম রক্ষা:</b> সভায় জানানো হয় যে, গত বছর বন্যায় কিছু খাদ্য/সার/বীজ গুদাম ক্ষতিগ্রস্ত হয়েছিল। গুদাম রক্ষায় বিশেষ উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় মতামত প্রকাশ করা হয়।	৬. খাদ্য, সার ও বীজ গুদাম রক্ষায় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট। ২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট। ৩. যুগ্ম পরিচালক, বিএডিসি(বীজ/সার)
<b>০৭. বন্যা পরবর্তী কৃষি, প্রাণি ও মৎস্য পুনর্বাসন:</b> সভায় বন্যা পরবর্তী কৃষি, প্রাণি ও মৎস্য পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।	৭. বন্যা পরবর্তী পুনর্বাসনে অতিরিক্ত প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট বিভাগ। ২. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ অধিদপ্তর ৩. উপপরিচালক, বিভাগীয় মৎস্য অধিদপ্তর
<b>০৮. নদী খনন ও শহর রক্ষা বাঁধ নির্মাণ সংক্রান্ত:</b> সভায় জানানো হয় যে সিলেটের প্রধান দু'টি নদী সুরমা ও কুশিয়ারা নদী সহ অন্যান্য নদীতে পলি জমেছে। নদীর পানি ধারণ ক্ষমতা বৃদ্ধির বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সভায় শহর রক্ষা বাঁধ নির্মাণের বিষয়ে মতামত প্রকাশ করা হয়।	৮.১ সিলেটের প্রধান দুটি নদী সুরমা ও কুশিয়ারাসহ প্রবাহমান নদ-নদীসমূহকে ক্যাপিটাল ডেজিংএর আওতায় নিয়ে আসার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। ৮.২ সিলেট বিভাগীয় শহর রক্ষা বাঁধ নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট। ২. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
<b>০৯. গবাদি পশু রক্ষা ও খাদ্য সরবরাহ:</b> সভায় গবাদি পশুর আশ্রয়স্থল ও খাদ্য সরবরাহ নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়।	৯.১ বন্যাকালীন সময়ে মানুষ এবং গবাদিপশুর নিরাপদ আশ্রয়ের নিমিত্ত “মুজিব কেব্লা” নির্মাণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। ৯.২ বন্যায় গবাদি পশুর খাদ্য সরবরাহের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল)
<b>১০. সিলেট নগরীর পানি প্রবাহপথ:</b> সভায় সিলেট নগরীতে জলাবদ্ধতার কারণে, বন্যায় পানি নেমে যেতে ধীরগতির বিষয়ে আলোচনা করা হয়।	১০.১ সিলেট নগরীর জলাবদ্ধতার কারণ অনুসন্ধান করে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১০.২ নগরীর ছড়া, নালা-ডেনসমূহ পরিষ্কার ও অবৈধদখল মুক্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
<b>১১. জরুরি টেলিযোগাযোগ:</b> সভায় জানানো হয় যে বন্যায় টেলিযোগাযোগ ব্যবস্থা (ল্যান্ড এবং মোবাইল উভয়) বিপর্যস্ত হয়েছিল। সভায় উক্ত যোগাযোগ ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	১১. বন্যা, ঘূর্ণিঝড় ও অন্য যেকোন দুর্ঘটনায় টেলিযোগাযোগ ব্যবস্থা সচল রাখার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. জিএম, বিটিসিএল, সিলেট। ২. স্থানীয় প্রধান, মোবাইল ফোন অপারেটরসমূহ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<b>১২. অগ্নি প্রতিরোধ ব্যবস্থা:</b> সভায় জানানো হয় শুল্ক মৌসুম আগত। শুল্ক মৌসুমে আগুন লাগার ঘটনা বেড়ে যায়।	১২.১ শুল্ক মৌসুম অগ্নিসংঘটন এর বিষয়ে সতর্ক থাকতে হবে। ১২.২ নিজ-নিজ প্রতিষ্ঠানের অগ্নি নির্বাপন ব্যবস্থা পরীক্ষা করতে হবে এবং সচল রাখতে হবে।	সংশ্লিষ্ট সকল।
<b>১৩. ভূমিকম্প মোকাবেলা:</b> সভায় জানানো হয় যে, সিলেট বিভাগ ভূমিকম্প ঝুঁকি এলাকার মধ্যে রয়েছে। ভূমিকম্প মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি ও সচেতনতা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১৩.১ ভূমিকম্পের সময় ও ভূমিকম্পের পরবর্তী সময়ে করণীয় বিষয়ে প্রচার প্রচারণা গ্রহণ করতে হবে। ১৩.২ বিল্ডিং ও স্থাপনা সমূহ নির্মাণের ক্ষেত্রে বিল্ডিং কোড অনুসরণ নিশ্চিতকরতে হবে।	সংশ্লিষ্ট সকল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মুহাম্মদ মোশাররফ হোসেন  
বিভাগীয় কমিশনার, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৭.০৬.০০৮.২১.১৮৯

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯

০৭ মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৩) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪) ডিআইজি, সিলেট রেঞ্জ
- ৫) পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ
- ৬) এরিয়া সদর দপ্তর, সিলেট সেনানিবাস
- ৭) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
- ৮) পরিচালক, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট
- ৯) সেক্টর কমান্ডার, বর্ডার গার্ড বাংলাদেশ, সিলেট।
- ১০) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট
- ১১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
- ১৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
- ১৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
- ১৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
- ১৬) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট
- ১৭) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ কার্যালয়, সিলেট।
- ১৮) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট
- ১৯) উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট
- ২০) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট
- ২১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট
- ২২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিভাগীয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
- ২৩) নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট জোন, সিলেট

- ২৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট
- ২৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট গণপূর্ত জোন, সিলেট।
- ২৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ জোন, সিলেট
- ২৭) প্রধান প্রকৌশলী, বিভাগীয় বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট
- ২৮) জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, সিলেট
- ২৯) উপ পরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট
- ৩০) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট
- ৩১) পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট
- ৩২) উপ-মহাপরিচালক, বিভাগীয় আনসার ও ভিডিপি কার্যালয়, সিলেট
- ৩৩) পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট
- ৩৪) উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট
- ৩৫) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট
- ৩৬) অধিনায়ক, র্যাব, সিলেট
- ৩৭) উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন, সিলেট
- ৩৮) জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক, সিলেট
- ৩৯) আবহাওয়াবিদ, আবহাওয়া অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট
- ৪০) প্রতিনিধি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সিলেট
- ৪১) চীফ অফ ফিল্ড অফিস, ইউনিসেফ, সিলেট
- ৪২) বিভাগীয় প্রধান, ব্র্যাক, সিলেট।
- ৪৩) বিভাগীয় প্রধান, সীমান্তিক, সিলেট।
- ৪৪) সভাপতি, সিলেট জেলা প্রেসক্লাব, সিলেট
- ৪৫) সভাপতি, সিলেট চেম্বার অব কমার্স
- ৪৬) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (কার্যবিবরণী ওয়েব পোর্টালে প্রকাশের জন্য)
- ৪৭) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট
- ৪৮) উপ-সহকারী প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, সিলেট
- ৪৯) প্রতিনিধি, অনলাইন প্রেসক্লাব, সিলেট
- ৫০) প্রতিনিধি, স্কাউটস ও রোভার স্কাউটস
- ৫১) সভাপতি, ইমজা, সিলেট
- ৫২) প্রতিনিধি, কমিউনিটি রেডিও, সিলেট
- ৫৩) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট বিভাগ সড়ক পরিবহন মালিক সমিতি, সিলেট
- ৫৪) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন, সিলেট
- ৫৫) দপ্তর প্রধান, গ্রীন ডিসএ্যাবলড ফাউন্ডেশন, সিলেট।



মোহাম্মদ জাহিদ আখতার  
উপপরিচালক